

জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব প্রনব কুমার কর্মকার, জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর।
সভার তারিখ ও সময় : ২৭/০৯/২০২২ খ্রি; সকাল ১০.০০ ঘটিকা।
সভার স্থান : জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর এর সভাকক্ষ।
উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতপর: সভাপতির অনুমতিক্রমে সহকারী মৎস্য কর্মকর্তা, ও বিকল্প কর্মকর্তা, জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি, শরীয়তপুর আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, অর্থবছরের শুবুতেই জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ এবং বার্ষিক ক্রয় পরিকল্পনা ২০২২-২৩ প্রনয়ন করা হয়েছে এবং নির্ধারিত সময়ের মধ্যে ওয়েব পোর্টালে আপলোড করা হয়েছে।

০২। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সূচকসমূহের বাস্তবায়ন নিয়ে আলোচনা করেন এবং ওয়েব পোর্টালের সেবা বন্ধ নিয়মিত হালনাগাদ করার বিষয়টিকে অগ্রাধিকার দিতে বলেন। তিনি উপজেলা পর্যায়ের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন যথসময়ে জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, শরীয়তপুর বরাবর প্রেরন করার উপর গুরুত্ব আরোপ করেন।

০৩। কমিটির সদস্য জনাব মোঃ হানিফ মিয়া, চলতি মাসে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন এবং দাপ্তরিক কাজে গতি আনয়নের লক্ষ্যে কর্মবন্টনের অফিস আদেশ জারির প্রস্তাব করেন।


০৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্ত-৪.১: প্রতি প্রান্তিকের শেষ মাসের ২৮ তারিখের মধ্যে উপজেলা পর্যায়ের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রেরন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৪.২: চলতি মাসে সুবিধাজনক সময়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত-৪.৩: দাপ্তরিক কাজে গতি আনয়নের লক্ষ্যে এবং প্রশাসনিক প্রয়োজনে কর্মবন্টনের অফিস আদেশ জারির সিদ্ধান্ত গৃহীত হয়।

সভার এজেন্ডা অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(প্রনব কুমার কর্মকার)
জেলা মৎস্য কর্মকর্তা

ও

সভাপতি ও ফোকাল পয়েন্ট
জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটি
শরীয়তপুর


পত্র নং-৩৩.০২.৮৬০০.৪০০.৪৫.০২৬.২২-২৩১/১(০২)

তারিখঃ ২৭/০৯/২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরন করা হলোঃ

০১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, উত্তরা, ঢাকা।

০২। সংশ্লিষ্ট নথি।






জেলা মৎস্য কর্মকর্তা
শরীয়তপুর

পরিশিষ্ট 'ক'

জাতীয় শুদ্ধাচার বিষয়ক নৈতিকতা কমিটির ১ম প্রান্তিকের (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) সভার উপস্থিতি

তারিখঃ ২৭/০৯/২০২২ খ্রি.

স্থানঃ জেলা মৎস্য কর্মকর্তা, শরীয়তপুর এর অফিস কক্ষ।

ক্রমিক	নাম ও পদবী	মোবাইল নম্বর	স্বাক্ষর	মন্তব্য
০১	জনাব মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ	০১৭১৭১৮৩১১১		
০২	জনাব মোঃ হজরত আলী	০১৭২৬৭৮১৪১৫		
০৩	জনাব মোহাম্মদ হারুন অর রশিদ	০১৭১৬৫০১৯৮৯		
০৪	জনাব মোঃ হানিফ মিয়া	০১৭৬২৮১২৪৪৪	